



UNITED PEOPLES DEMOCRATIC FRONT (UPDF)

ইউনাইটেড পিপল্‌স ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)

(A political party based in the Chittagong Hill Tracts, Bangladesh)

Mailing Address :Swanirbhar bazaar, Khagrachari, Northern Chittagong Hill Tracts, Bangladesh.

Email. updfcht@yahoo.com Website: www.updfcht.org

Ref:

Date: ২৯ মে ২০১৩

প্রেস বিজ্ঞপ্তি

বাঘাইছড়িতে বিজিবি কর্তৃক বাড়িঘরে তল্লাশি ও দুই গ্রামবাসীকে আটকের ঘটনায় নিন্দা ও প্রতিবাদ

ইউনাইটেড পিপল্‌স ডেমোক্রেটিক ফ্রন্ট(ইউপিডিএফ)-এর বাঘাইছড়ি উপজেলা ইউনিটের প্রধান সংগঠক সমশান্তি চাকমা আজ ২৯ মে ২০১৩, এক বিবৃতিতে রাঙামাটির বাঘাইছড়ি উপজেলা সদরের বাবু পাড়ায় বিজিবি সদস্য কর্তৃক বাড়িঘরে তল্লাশি ও দুই নিরীহ গ্রামবাসীকে আটকের ঘটনায় নিন্দা ও প্রতিবাদ জানিয়েছেন

বিবৃতিতে তিনি ঘটনার বর্ণনা দিয়ে বলেন, আজ ২৯ মে বুধবার দুপুর ১২টার দিকে বিজিবির ৩৯ ব্যাটেলিয়নের জনৈক কমান্ডারের নেতৃত্বে একদল বিজিবি সদস্য বাবু পাড়ায় হানা দেয়। এ সময় বিজিবি সদস্যরা পাড়ার বাসিন্দা মনতোষ চাকমা (৪৫) পিতা- সোনাধন চাকমা, সুরেশ কান্তি চাকমা (৪৮) পিতা- বাঙালি চরণ চাকমা, বেগোল চান চাকমা(৪৫) পিতা- চিত্তমোহন চাকমা ও অমর শান্তি চাকমা(৩৫) পিতা- অজিত কুমার চাকমা-এর বাড়ি তল্লাশি চালায়। ব্যাপক তল্লাশির পরও কোন কিছু না পেয়ে বিজিবির সদস্যরা ক্যাম্পে ফিরে যাবার সময় মনতোষ চাকমা ও সুরেশ কান্তি চাকমাকে ক্যাম্পে আটক করে নিয়ে যায়। বিকাল-৩.৪০টা পর্যন্ত আটককৃতদের ছেড়ে দেয়া হয়নি।

বিবৃতিতে তিনি অবিলম্বে আটককৃতদের নিঃশর্ত মুক্তি ও অন্যায়ভাবে বাড়িঘরে তল্লাশি সহ নিপীড়ন-নির্যাতনে বন্ধের জোর দাবি জানিয়েছেন।

বার্তা প্রেরক

নিরন চাকমা

প্রচার ও প্রকাশনা বিভাগ

ইউপিডিএফ